স্থামার কোনো সহযোগিতার প্রয়োজন নেই	لستُ بحاجةٍ إلى المتوعَدَة والتعاول	٥
আমি যে বিপদেই পড়ি, আল্লাহ আমাকে উদ্ধার করেন	ما من مصيبةٍ أُصِيْتُ نَجَابِي الله	1
অসহায় দুর্বলদের পাশে দাঁড়াও	قُمُّ بشأن الضعفاء والمحتاجين	٧
আমি যখনি কোনো বিপদে পড়ি, আল্লাহ আমাকে রক্ষা করেন	كُلُّما الثُّلِيْتُ بِبَلَايًا أَنْقُذَهِ الله	٨



المعنى/ المقابل البنغالي	التعبير	
জাদ্রাহর গোলামি করো। তার সাথে কাউকে শরিক করো না	اعبدوا الله ولا تشركوا به شيئا	5/-
তোমার এ কথা বশা/ এ কাজ করা উচিত	حَرِيٌّ بِكَ أَنَّ تَفْعَلَ هَدَا/ أَنَّ تَقُولَ هَذَا	1-
তোমার ভাষা সংযত কর/ চুপ কর।	بِحْفَظْ لِسَانَك/أَمْسِكْ لِسَانَك	7
সফল না হওয়া পর্যন্ত পরিশ্রম করে যাও	إِجْتَهِدْ حتى تُشْجَحَ	1-
তাকে ছেড়ে দাও/তার পথ ছেড়ে দাও	خَلِّ سبيلَه	•
জমিনে দম্ভ ভরে চলো না	لا تُمْشِ فِي الأَرْضِ مَرَحًا	,
লোকের মন্দ আচরণে তুমি ভালো ব্যবহার করো	أخبين إلى مَنْ أساءَ إليك	γ

التعبيرات المتعلقة بالأوصاف والأخلاق

المعنى/ المقابل البنغالي	التعبير	رن
ঠিক আছে, আমি তোমাকে বিরক্ত করতে চাই না।	طَبِّتْ، لا أريدُ أنْ أَشَوِّشَ عليك.	, '
কেউই ক্রটিমুক্ত নয়	لا يَكَادُ يَخْلُو إنسالٌ مِنْ عَيْبٍ.	¥
তার বাহ্যিকটা খারাপ	إنَّه سَيِّئ المِظْهَرِ.	

التعبيرات المتعلقة بالعلم والمعرفة

জামার জানা ব্যতীতই সে এই কাজটি		
করেছে	لقد فتقل هذا الأمرّ دون عِلْمي	١
বিষয়টি আমি ভূলে যাইনি	ليس بغائب عن ذِغْنِي .	Y
কখনো আমার মনে হয়নি	لم يُخْطُرُ ببالي	۳
এটি সমস্যার যুক্তিসঙ্গত সমাধান	هذا حَلَّ مَعْقُولٌ للسشكلة	٤
আমার জানা মতে	على خَدُّ علمي/على ضُوء ما أعرف	

التعبيرات المتعلقة بالربط والعلاقة

এ বিষয়ে আমার কোনো হাত নেই	لا شَأْنَ لِي فِي هذا الأمر.	١
এই ঘটনার সাথে আমার কোন সম্পর্ক নেই	لا غلاقة لي بمذا الحادثِ	۲
এ বিষয়ে আমার কোনো হাত নেই।	لا شأن بي بذلك	٣

التعبيرات المتعلقة بالتمني والرجاء


আমার প্রিয় আশা বাস্তবায়নের কি কোন পথ আছে?	هل مِنْ سبيلٍ إلى تحقيقِ أَمْنِيُّقِي العزيزة؟	١
তুমি জানো, বায়তুল্পাহর হজ্জ করতে আমি কতটা ব্যাকুল!	هل تعرف كم أَوَدُّ أَنْ أَحُجُّ البيت الحرام!	٣
মদীনায় যাওয়ার আমার কত আশা !	كم أتمنى أنْ أُسَافِرَ إلى المدينة	٣

যদি আমার সাধ্য থাকতো, তাহলে অবশ্যই তা করতাম	لو كان الأمرُ بيدي لفعلتُ هذا
এটিই আমাদের শেষ আশা	؛ [غر ما بغي لنا من أمّل
যা বলেছেন তা <mark>আবার ক্লবেন আশা</mark> করছি	أَرْخُوْ إعادةً مَا قُلْتَ .
সচেতন ব্যক্তি থেকে এটি প্ৰত্যাশিত নয়	مذا لا يُتقَلُّ عن رَجُلٍ وأع
আমি তোমার জন্য তাওফীক ও সফলতা কামনা করি	٧ أَمَنَى لك التَّوْنِيْقَ والنَّجَاحَ
	^


التعبيرات المتعلقة بالحزن

টেনশন করো না	لا تثلَقْ	1
চিন্তার কোন কারণ নেই	لا داعي للقلق	,
বাস্তাবেই আমি পেরেশানিতে ভূগছি	إنَّنِي فِي الوَاقِعِ أَعَانِي من الإكْتِقَابِ .	+
আমি অত্যন্ত দুঃখিত	أنا في منتهى الأسفِ	Ĺ
আমি অনেক পেরেশানিতে আছি	إِنَّنِي فِي حَيْرُةٍ شَدِيْدَةٍ ،	٥
আমি তোমাকে বিরক্ত করার জন্য দুঃখিত	أن آسف لإزغاجك	1





চিত্রাংকন / কবিতায় আমার অছাহ নেই	أنا لا أَهْتُمُّ بِالرَّسْمِ/ بِالشِّهْرِ	,
্রাই খবর শোনার আমার কোনো প্রয়োজন নেই	لا حاجة لي إلى سَماعِ هذا الخَتْرِ	٧
আমি জানি না , আর আমার জানার প্রয়োজনও নেই।	أما لا أعلمُ ولا يَهُمُّنِي أَنْ أَعَلَمُ.	٣
তোমার কথা শোনার আমার প্রয়োজন নেই	لَسْتُ بحاجةٍ إلى سماع كلامك	٤



অমি সাবলীলভাবে আরবিতে কথা বলব	أنا أَتَكَلَّمُ العربية بطلاقةٍ وعفويةٍ	١
আমরা বলতে পারি যে,	بِوُسْعِنا أَنْ تَقُولُ	۲
আমি উপস্থিত হতে পারব কি না জানা নেই।	لا أدري هل سَأَتُمَكُّنُ مِن الحَضِورِ أَمْ لا ؟	٣
এই কাজ আমার সাধ্যের বাইরে	أَمْرٌ يَعْلُو مَقَدِّرِي.	ž.




التعبيرات المتعلقة بالخوف

হক্ত্বের ব্যাপারে আমি কোনো নিন্দুকের নিন্দার ভয় করি না।	لا أخاتُ في الحق لَوْمةَ لائم	-
রক্ত চলাচল বন্ধ হয়ে গেছে / তার রক্ত হিম হয়ে গেল।	تجمُّد الدمُ في عروقه	-
ভয়ে তার হৃদয়ের কম্পন থেমে গেছে।	تَوَقََّفَ تَلَّبُه مِنِ الحَوِفِ	1
এক ভীতিকর আধ্যাজ তনে আমার পশম দাঁড়িয়ে গেল।	سمعت صوتا مخيفا فوقف شعري	~
সে ভয়ে কাঁপতে হুরু করণ।	بدأ يرتعش من الخوف	٥
আঁধারে ভোমার ভয় করে?	هل أنت حائف من الطلام	;




আমি তার সাথে মাঝে মাঝে কথা বলি	أتَكَلَّمُ معه بين حينٍ وآخر	1
সে সব সময় তার গ্রাম ও পরিবার সম্পর্কে জালোচনা করে।	هو يتَخَدُّثُ دائما عن قَرْيَتِه وعَاتِلَتِه.	۲
এই বিষয়ে আমি তার সাথে কথা বলব।	سأتَكَلَّمُ معه بحذا الخصوص	٣
এবিষয়ে পরে কথা বলব _া	سأتحدث حول هذا الموضوع في ما بعد	ź




জচিরেই ভূমি সবকিছু বুঝতে পারবে	سَنَقْهُم كُلُّ شيء فيما بَعْدُ	T
আমার উদ্দেশ্য ব্ঝতে পেরেছ ?	هل فهمت ماذا أُعْنِي؟	7
ব্যাপারটা বুঝে এসেছে?	وَصَلَتْ الفكرةُ ؟	7
নে খনেছে, তবে বৃঝতে ভুল করেছে	سمع وبكن أخطأ في الفهم.	1
বারবার ভনশেও সে বোঝে না।	لا يفهم ولو سمع مرات.	•

التعبيرات المتعلقة بالجهد والمشقة والصبر

এই কাজ করতে অনেক ধৈর্য্যের প্রয়োজন।	هذا العَمَلُ يَعْتَضَي شَيْقًا كَثَيْرًا مِن الْصَّبُرِ	\
আবার চেষ্টা কর	خاوِلْ مرةً أخرى	۲
বিভিন্ন দিক থেকে বিষয়টি আমি দেখৰ	سأَذُرُسُ المؤضَّوْعَ من مختلفِ جَوانِيه	٣
অনেক কষ্টের পর আমি তা অর্জন করেছি।	حصلتُ على هذا بعد عُناءٍ شديدٍ .	٤
ভালোভাবে জেনে বুঝে আমি এই সিদ্ধান্ত প্রকাশ করেছি ।	بعد دراسةٍ وافيةٍ أصدرتُ هذا القرارَ .	٥
অধিক পরিমাণে আরবি ভাষা শোনলে ভালো হবে	مِنْ المِسْتَحْسَنِ أَنْ تَسْتَمِعَ كثيرًا للعة العربية	٦
কাজ চাই , কথা নয়	نريد أفعالا لا أقوالا.	٧



আমি বাইরে সফরে ছিলাম।	كنتُ مُسافرا إلى الخارج .	
ঘরে বাইরে / দেশে বিদেশে	في الحُمَلِ والتَّرِحالِ	,
পৌঁছতে কডক্ষণ লাগবে?	كم وفتًا يستغرق للوصول؟	+
বিমানের ভাড়া কত?	كم يُكَلِّفُني في الطائرة؟	٤
ট্রেনের সফর খুবই আরামদায়ক ও নিরাপদ	ركوبُ القِطارِ مُربِحٌ ومأمونٌ.	•



তোমার অনুহাহের জন্য ধন্যবাদ	شُكْرًا على إحْسانِك.	_ \
সাহায্যের জন্য ধন্যবাদ	شُكرًا على هذه المساعدة	٧
আপনার আপ্যায়নের গুকরিয়া আদায় করছি	أُعَبِّرُ عن شكري وامتناني لضِيافَتك	٣
আপনাদের অশেষ কৃতজ্ঞতা	أشكركم شكرا حيثُ لا منتهى	٤
আপনাদের প্রতি অনেক অনেক শুকরিয়া	أتقدم إليكم بالشكر الجزبل	٥
আল্লাহ আপনাদের অনেক প্রতিদান দিন	أجزلكم الله جزيل الجزاء	٦
আল্লাহ আপনাদের সর্বোত্তম প্রতিদান দিন	كافأكم الله أحسن المكافأة	Y

আরবি ভাষা শেখার ফলে
শুধু যে ইলমী গভীরতা
অর্জ নের সুযোগ তৈরি হয়
তা-ই নয়, বরং এর ফলে
চিন্ডার পরিধি বিন্তৃত হয়,
তৈরি হয় জীবনে সফলতা
অর্জ নের রাজপথ।

المكالمة العربية



بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العالمين، والصلاة والسلام على النبي الأمين، وعلى آله وأصحابه أجمعين. أما يعد!

ভাষা শেখার ক্ষেত্রে মুকালামা বা কথোপকখন অত্যন্ত গুরুত্বপূর্ণ দক্ষতা। আমাদের মাদরাসা শিক্ষার্থীসহ সকলের একটি কান্ডিখত দক্ষতা। বলা হয় المكالمة أو الحادثة من أهم المهارات اللغوية वाর সে জন্যই ভাষাবিদরা বলেন, المكالمة والمائلة অতএব প্রত্যেক ভাষা শিক্ষার্থীকে এই দক্ষতাটি খুব ভালোভাবে অর্জন করতে হবে। বিশুদ্ধ আরবিতে কথা বলতে হবে।

أخى المتعلم! أذكر لك بعض الإرشادات لكي تتحدث العربية بطلاقة، وتتقن المكالمة العربية.

- إرشادات حول إتقان المكالمة العربية:
 - ١- الرُّعبة الجامحة للتكلم بالعربية.
- ٧- التَّهيق والاستعداد للمحادثة العربية.
 - ٣- تعلُّم المفردات الجديدة كل يوم.
- ٤- اكتب للفردات الجديدة في مذكرة صغيرة.
 - ٥- تعلم المترادفات والأضداد بكثرة.
- ٦- تعلُّم التعبيرات الجميلة واستخدمها في المكالمة العربية.
 - ٧- لا تَخْجَل، فإن الفشل من الخجل.
- ٨- تكلُّم مع زميلك أو مع أحد من أصدقائك بالعربية.
 - ٩- حاولُ أَنْ تتكلُّم بالعربية ساعة على الأقل يوميا.
- ١٠ صَحِّحْ نطق حروفك وقلِّدُ لهجة العرب وأساليبهم.

"জোরে জোরে নিজের কানকে শুনিয়ে বললে এবং আওয়াজ করে পড়লে আরবি মুকালামায় সাবলীলতা আসবে ইনশাআল্লাহ।"



الدرس الأول **التعريف الشخصي**

أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً

পরিচিতি	التُعَارُفُ
গ্রাম	فَرْيَةٌ ج قُرى
শহর	مَدِيثَةً ج مُدُنّ
ডাকঘর	مَكْتَبُ الْبَرِيْدِ
थाना	مَرْكَثُرُ الشُّرْطَةِ\غُفْرُ الشُّرْطَةِ
জেলা	مُحافَظةٌ ج مُحَافَظاتُ
বিভাগ	قِطْعَةً ج قِطَعٌ، قِطْعَاتُ
প্রদেশ	مُقَاطَعَةً ج مُقاطَعاتُ
অঞ্চল	مِنْطَفَةٌ ج مَناطِقُ
সাক্ষাত	اللِّقاءُ والزِّيارَةُ
উপছাপক	مُقَدِّمٌ
পাচক / বাবুর্চি	طَبًاخٌ \طاهِ
ফক্বীহ / ফিকাহ শান্তবিদ	فَقِيَّةُ
অভিজ্ঞ/ বিশেষজ্ঞ	عبيرٌ ج لحبرًاءُ
হাদীস বিশারদ	عُدِّتٌ ج مُحَدِّثُونَ

মাদরাসা / বিদ্যা ল য়	مَدُوسَةً ج مَدَارِسُ
ইউনিভার্সিটি	جامِعَةً ج جامِعَاتٌ
কলেজ	كُلِيَّةً جِ كُلِيَّاتُ
ইনিস্টিটিউট	نَعْهَدُ ج مُعاهِدُ
কেন্দ্ৰ	مَزْکُرُ ج مَراکِزُ
কোর্স	دَوْرَةً ج دَوْراتُ
প্রশিক্ষণ কোর্স	دُوْرَةً تَدُرِيْيَةً
কৰ্মশালা	وَرْشَةً ج وَرْشَاتُ /وِرَشَّ
আলিম / বিজ্ঞানী	Aleid The
11. 1 . 7 1 1 1 1	عالمٌ ج عُلْمَاءُ
দাঈ	عام ج عدماء داعِيَةٌ (اسم المبالغة)
দাঈ	داعِيَةٌ (اسم المبالغة)
দাঈ ডা ন্ডা র	داعِيَةٌ (اسم المبالغة) مَلِينِبٌ ج أطِبّاءُ
দাঈ ডা ডা র প্রকৌশলী	داعِيَةٌ (اسم المبالغة) طَيِنْتُ ج أطِبّاءُ مُهُنْدِسٌ ج مُهَنْدِسُونَ مُهُنْدِسٌ ج مُهَنْدِسُونَ
দাঈ ডাক্তার প্রকৌশলী কাঠমিত্রি	داعِيَةٌ (اسم المبالغة) مُلِيْبٌ ج أطِبّاءُ مُهَنْدِسٌ ج مُهَنْدِسُونَ نَجَارٌ
দাঈ ডাক্তার প্রকৌশলী কাঠমিত্রি কামার	داعِيَةٌ (اسم المبالغة) طَبِيْتِ ج أطِبّاءُ مُهُنْدِسٌ ج مُهُنْدِسُونَ غَارٌ خَدَّادٌ



চিত্রশিল্পী	رَسَّامٌ
ডিজাইনার/ অন্ধনশিল্পী	مُصَدِّمُ
বক্তা	خَطِيْبٌ ج خُطَبَاءُ
দূত	سَفِيرٌ ج سُفَرَاءُ
পরিচালক/ উপস্থাপক	مُذِيْعٌ/ مُفَدِّمٌ
রচয়িতা	مُصَيِّفٌ ج مُصَيِّفُونَ

সংকলক	مُؤلِفٌ ج مُؤلِّفُوْذَ
भन्नी	نزيد ج انزاء
প্রধানমন্ত্রী	رَئِيْسُ الْوُزَرَاءِ
দোকান	مَنْجَرٌ ج مَثَاجِرُ
শুদামঘর/স্টোরক্রম	مُسْتَوْدَعٌ ج مُسْتَوْدَعاتٌ

ثانيا: التعريف الشخصي (١):

أخي الطالب! عَرِّفْ نفسك واذكر فيه اسمَث وعنوانَك والصفَّ الذي انتهيتَه والمدرسةَ التي درستَ فيها، والمدرسةَ أو المركزَ الذي تدرسُ فيها وماذا تريد أنْ تتعلَّمَ من دورة تعيم اللغة العربية، وماذا تريد أنْ تكونَ في المستقبل؟

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু	السلام عليكم ورحمة الله وبركاته.
আমার নাম আব্দুল্লাহ বিন আব্দুর রহমান	اسمي عبد الله بنُ عبد الرحمن.
আমার পিতার নাম আব্দুর রহমান	اسم أبي عبد الرحمن.
আমার গ্রাম নূর নগর, জেলা যশোর।	أنا من قريةِ نُورُ تعَرَّ، من محافظة جَسُوْر.
আলহামদুলিল্লাহ, আমি হাফেযে কুরআন / আমি কয়েকটি সূরা হিফায করছি।	أحفظ القرآن الكريم كامِلًا ولله الحمد/ حفظتُ القرآنَ الكريمَ تمامًا/ أحفظ عِدَّةَ سور من القرآن الكريم.
আমি মাধ্য মিকের দ্বিতীয় শ্রেণি শেষ করেছি।	انتهيتُ الصفُّ الثاني من المرحلةِ المُتَوسطةِ.

আমি কামরাঙ্গীচর নুরিয়া মাদরাসায় পড়েছি।	انا درست في المدرسةِ النُّوْرِيَّةِ بَكُمْرَنْغِيْرِجَرْ داكا.
এখন মারকাযু ল লু গায় আরবি ভাষা কোর্সে পড়ছি।	أدرسُ الآنَ في دورةِ تعليمِ اللغة العربية في مركز اللغة العربية بنعلاديش.
অথবা আমি এখন ঢাকা ইসলামিয়া মাদরাসায় সানুবিয়্যা তৃতীয় শ্রেণীতে পড়ছি।	أو أذرس الآنَ في الصّف الثالث من المرحلةِ الثانويةِ في المدرسةِ الإسلاميةِ بداكا.
আমি মারকাযের তত্ত্বাবধানে এই কোর্স থেকে আরবি ভাষা এবং ইসলামী ইলম শিখতে চাই।	أنا أربدُ أن أتعلَّمَ اللغة العربية، والعلومَ الإسلاميةَ من هذه الدورةِ تحت رعاية مركز اللغة العربية بنغلاديش.
আমি ভবিষ্যতে বড় আলেম এবং আন্তর্জাতিক দাঈ হতে চাই।/ আমি ভবিষ্যতে বড় আলেম এবং অভিজ্ঞ ফকীহ হতে চাই।	أربد أنْ أكونَ عالما كبيرًا وداعيًا عَالميًّا في المستقبلِ. / أريدُ أنْ أكون عالما كبيرًا وفقيهًا مَاهِرًا في المستقبل. /
আমি ভবিষ্যতে উল্মূল হাদিসে মৃতাখাসসিস হতে চাই।/ আমি ভবিষ্যতে আরবি ভাষা ও সাহিত্যে মৃতাখাস্সিস হতে চাই।	اريد أنْ أكون مُتَخَصِّصًا في علوم الحديثِ الشريفِ في المستقبل/ أريد أنْ أكون مُتَخَصِّصًا في اللغةِ العربيةِ وآدابما في المستقبل.
আমি আপনাদের সকলের নিকট দুআ চাই।	المستقبل. ارجو منكم الدعاءَ أو أطلبُ منكم الدعاء.
সকলকে ওকরিয়া। জাযাকুমুল্লান্থ খাইরান।	شُكْرًا لكم وجزاكُمُ اللَّهُ خيرًا.

প্রিম্ন তালিকুল ইলম, এই বিষয়টি ভালোভাবে রপ্ত করার জন্যে অনেকবার বলতে চেষ্টা করবেন। সহপাঠিকে আপনার পরিচয় শোনাবেন। তার পরিচয় শোনবেন। বাসায় হাঁটা-চলার সময়, একা একা পরিচয় বলতে থাকবেন। একসময় আপনি সবার সামনে খুব স্বাচ্ছন্দে, সাক্লীলভাবে আপনার পুরো পরিচয় তুলে ধরতে পারবেন ইনশাআল্লাহ।

ثالثا: التمرين والمناقشة:

(١) أجب عن الأسئلة التالية:

1- من أنت؟

٢- ما اسم أبيك؟

٣- أين بيتك؟

٤- من أين تخرجت؟

٥- لماذا تريد أن تتعلم اللغة العربية؟

٦- ماذا تريد أن تكون في المستقبل؟

(٢) عرِّفْ نَفْسَكْ.

الدرس الثاني التعريف بالآخر

27

أولا: التعريف بالأب أو الأخ

সে আমার ভাই	هذا أَخِي
তার নাম আব্দুর রহমান।	اسمه عبد الرحمن بن عبد الله.
তার বশ্নস ত্রিশ।	عُمْرُه ثلاثون سَنَةً.
তিনি বিবাহিত ,তার একজন ছে লে ও একজন মেয়ে আছে।	هو مُتزَوِّجْ، ولُديه بنتٌ وانٌ.
তিনি ঢাকা ইসলামি ইউনিভার্সিটিতে শিক্ষকতা করেন।	يَعْمَلُ مُدَرِّسًا في الجامعةِ الإسلاميةِ داكا.
তিনি এখন ঢাকার উত্তরাতে থাকেন।	هو الآنَ يَعِيْشُ فِي أُثَّرَا، داكا.
তিনি পাঠ ও অধ্যয়ন পছন্দ করেন এবং আল্লাহর দিকে ডাকতে ভালোবাসেন।	يُحِبُّ القرَاءةَ وللطالعة، ويُحِبُّ العمل في الدعوةِ إلى الله.

ثانيا: التعريف بالصديق

সে আমার বন্ধু।	هذا صديقي
তার নাম আহমাদ বিন মুহাম্মদ।	اسمه أحمدُ بنُ محمد
ভার বয়স বিশ বছর।	عُنْرُه عشرون سنةً.
সে ভালো ও মেধাবী ছাত্র।	هو طالبٌ مُتَمَيِّزٌ وذكيّ.
সে ঢাকা জামেয়া ইসলামিয়া আরাবিয়ায় দশম শ্রেণিতে পড়ে।	يَدُرُسُ في الصّف العاشر بالجامعة الإسلامية ا العربية بداكا.
সে শ্রমণ এবং অন্যকে সাহায্য করা পছন্দ করে।	هو يُحِبُّ السَّفَرَ ويُجِبُّ مساعدةً الآخرين.
তার বাবা বাংলাদেশের অনেক বড় এবং প্রসিদ্ধ আলেম।	أَبُوه عالمٌ كبيرٌ ومشهورٌ في بنغلاديش.

ثالثا: التمرين والمناقشة:

(١) أجب عن الأسئلة التالية:

١- من هو؟

Parm La -Y


٣- أين يعيش؟

این یدرس؟ - این یدرس؟

٥- هو ماذا بحب؟

(٢) عرّف أخاك.

(٣) عرّف صديقك.



أولا: التعريف بالمدرسة

এটি আমার মাদরাসা।	هذه مدرستي
এই মাদরাসার নাম ঢাকা ইসলামিয়া মাদরাসা।	اسم المدرسة "المدرسة الإسلامية داكا".
এ মাদরাসার মৃদীরের নাম আব্দুল্লাহ ইবনে আব্দুর রহমান।	اسمُ مديرِ المدرسة عبدُ اللهِ بنُ عبدِ الرحمن.
এই মাদরাসার শিক্ষকবৃন্দ দক্ষ এবং বিশেষজ্ঞ।	مُدَرِّسُو هذه المدرسةِ مَاهِرون ومُتَحْصِّصُوْن.
তারা ছাত্রদেরকে ভালো ও সুন্দর পদ্ধতিতে পড়ান।	إِنَّم يُدرِّسُون الطلابُ بطريقةٍ جيَّدةٍ وجميلةٍ.
আমি শিক্ষকদেরকে অনেক মুহাব্বত করি।	أما أُحِبُ المدرِّسين كثيرًا.
আমার বাড়ি থেকে মাদরাসা অনেক নিকটে। আমি আমার মাদরাসাকে অনেক ভালোবাসি।	مدرستي قريبة من بيتي. أنا أُحِبُّ مدرستي كثيرًا.
মাদরাসায় অনেকগুলো শ্রেণিকক্ষ রয়েছে। আমাদের শ্রেণীতে দশজন ছাত্র আছে।	في المدرسة فصولٌ كثيرةً. في فصلِنا عشَرة طلابٍ.
আমি তাদেরকে অনেক পছন্দ করি।	أنا أُحِبُّهم حبًّا كثيرًا.

ثانيًا : التمرين والممارسة:

- (١) عرف مدرستك بالعربية.
- (٢) اذكر بعض صفات المدرسين لمدرستك.
 - (٣) كم عددُ الطلاب في فصلك؟
- (٤) كيف يُدرّس المدرّسون الطلاب في هذه المدرسة؟
 - (٥) هل مدرستُك بعيدةٌ عن بيتك؟



أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جَيِّداً:

ভালো	خيرٌ \ طَلَبِّبٌ \ جَيِّدٌ
সূহতা	عافِيَةً \ سَلامَةً \ صِحَّةً
ভাগ্যবান	سَعِيْدُ
অধিক ভাগ্যবান	أشغذ
উত্তম	طَيِّة
তভ সকাল	صباح النور
আবার দেখা হবে	إلى اللِقاو
ভালো থাকুন	منم السلامة
সুযোগ	فرْصَةً
তভ সকাল	
श्लिक / प्रशा करत	صباع الحقير لَهُ سَمَحْت

الحوار الأول: لقاء بين حامد وبلال

	— — <i>)</i>
হামিদ : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃস্লাহি ওয়া বারাকাতৃত্ব।	حامد : السلام عليكم ورحمة الله وبزكاته.
বেশাদ : ওআলাইকুমুসসালাম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুত্ব।	بلال : وعليكم السلام ورحمة الله وبركاته.
হামিদ : তুমি কেমন আছো?	حامد : كيف حالُك؟
কোল: আলহামদ্শিল্লাহ, ভালো আছি, তুমি কেমন আছো?	بلال : الحمدُ لله بخير، وأنت؟
হামিদ : আশহামদুলিল্লাহ, আমিও ভালো আছি। ভাই, তোমার নাম কী?	حامد : أنا يُخَبِر ولله الحمد، ما اسمُك يا أخي؟
বেশাল : আমার নাম বেলাল। তোমার নাম কিং	بلال : اسمي بلال. وما اسمك؟
হামিদ : আমার নাম হামিদ।	حامد : اسمي حامِد.
বেলাল : ত্যুমি কোথেকে এসেছো হামিদ?	بلال : مِن أَينَ أَنتَ، يا حامد؟
হামিদ : আমি কুমিল্লা থেকে এসেছি ,আর তুমি ?	حامد : أنا من كُوْمِلًا، وأنت؟
বেশাল : আমি মোমেনশাহী থেকে এসেছি।	بلال : أنا من مومِنْ شَاهي.

হামিদ : আবার দেখা হবে । ওয়াসসালালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্যাহি ওয়াবারাকাতৃত্ব।	حامد : إلى اللقاء. والسَّلام عليكم ورحمة الله.
বেশাল: ওয়ালাইকুসসালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়াবারাকাতৃহ ।	بلال : وعليكم الستلام ورحمة الله وبركاته.

الحوار الثاني: لقاء بين فريد ونعيم

فريد : السَّلام عليكم ورحمة الله وبركاته.
نعيم : وعليكم السُّلام ورحمة الله وبركاته.
فريد: صباح الخير!
نعيم : صباحً النور!
فريد : ما اسمك أخي الكريم؟
نعيم : اسمي نعيم، وأنت مااسمك أخي الحسـ؟
فويد: اسمي فريد الدين، كيف حالث؟
نعيم: الحمد لله بخير، وأنت كيف حالك؟
فريد : الحمد لله على كل حال، كيف والدُك وأُسْرَتُك؟

নাইম : আলহামদুলিল্লাহ। তারা সবাই ভালো আছে।	انعيم : الحمد لله، كلهم بخيرٍ وعافيةٍ وصحةٍ.
ফারিদ : ধন্যবাদ ,আবার দেখা হবে।	فريد : شُكْرًا، إلى اللقاء.
নাইম : ভালো, ফি আমানিদ্রাহি।	نعيم : طَيِّبْ، في أمانِ الله.

الحوار الثالث: بين نسيم وفهيم.

নাসিম : আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতৃত্।	نسيم: السُّلام عليكم ورحمة الله وبركاته.
কাহিম : ওআলাইকুমুস সালাম ওরহমাতুল্লাহি ও বারাকাতৃত্ব।	فهيم : وعليكم السَّلام ورحمة الله وبركاته.
নাসিম : শুভ সন্ধ্যা !	نسيم : مساءَ الخير!
কাহিম: শুভ সন্ধ্যা!	فهيم: مساءَ النور!
নাসিম : প্লিজ : আপনার নাম কি বেন?	نسيم: لو سمحت، اسمك الكريم؟
কাহিব: আমার নাম কাহিম। আর আপনার নাম কি?	فهيم : اسمي فهيم، وأنت ما اسمك؟
নাসিম : আমার নাম নাসিম। আপনি কোখেকে এসেছেন?	نسيم: اسمي نسيم، من أين أنت؟
কাহিম : আমি চট্টগ্রাম থেকে এসেছি । আর আগনি কোখেকে এসেছেন?	فهيم: أنا من شيتاغونغ، وأنت من أين؟

নাসিম : আমি নোয়াখালী থেকে এসেছি। হে ভাই ! আপনার সাথে পরিচিত হয়ে আমি খুব আনন্দিত।	نسيم : أنا من نواخالي. أخي الكريم، أنا سعيدٌ جدا بمعرفتك.
ফাহিম : আমিও আনন্দিত। এখন উঠছি,অন্য সময় আবার দেখা হবে।	فهيم : وأنا أَسْعَدُ، هذه فرصة طيبة/ هذه فرصة جيدة.
নাসিম : ভাই এখন আসি, পরে আবার দেখা হবে।	نسيم : أستأذنك أخي الكبير، ألتقي معكم في وقت آخر.
ফাহিম : ঠিক আছে, আল্লাহ হাফেয। আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃহ।	فهيم : طيّب، مع السّلامة. السّلام عليكم ورحمة الله وبركاته.

رابعا: التمرين والممارسة

أجب عن الأسئلة التالية:

١- من أنت؟


٧- من أين أنت؟

٣- كيف حالك؟

٤- هل أنت سعيدٌ بلقاءصديقك؟

٥- كيف حالُ أسرتك؟





أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً.


ভর্তি হওয়া	
	الإلْتِحاقُ بــ
তত্ত্বাবধান	رِعايَةٌ
অফিস	مَكْتَبٌ
দয়া ক রে	لَوْ سَمَحْتُمْ
হিতীয় ভ লা	الطَّابِقُ الثَّانِ\الدُّوْرُ الثَّانِي
মূল ভবন	المبنى الرَّئِيْسِيُّ
দায়িত্ব	وَاجِبٌ
আসতে পারি ?	اً أَدْخُلُ؟
হ্যাঁ / আসেন	تفَضُّل
আল্লাহর নিরাপন্তার	فِيْ أَمَانِ الله
क्त्रम	الإستِمَارَةُ
দারোয়ান/পাহারাদার	الحادِسُ ج الحرّاسُ

ه الحوار الأول: بين الطالب وحارس المركز ﴿ عَلَمُ اللَّهُ عَلَمُ اللَّهُ عَلَمُ اللَّهُ عَلَمُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّالِيلُولُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ا

ছাত্র : আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ ।	الطالب : السَّلام عليكم ورحمة الله وبركاته.
প্রহরী : ওআলাইকুমুস সালাম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।	الحارس: وعليكم السلام ورحمة الله وبركاته.
ছাত্র : আপনি কেমন আছেন?	الطالب: كيف حالكم؟
প্রহরী : আলহামদুলিল্লাহ,ভালো আছি। আপনি কী চান হে ভাই?	الحارس : الحمد لله بخير، ماذا تريد يا أخى؟
ছাত্র : আমি মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহর তত্ত্বাবধানে পরিচালিত আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে চাই।	الطالب : أريد أنَّ أَلتَحق بدورة تعليم اللغة العربية تحت رعاية مركز اللغة العربية.
প্রহরী: স্বাগতম! আসুন, মারকাযের অফিসে যান।	الحارس : أهلاً وسهلاً، تفضّلُ يا أخي! إِذْهَبُ إِلَى مكتب المركز.
ছাত্র : মারকাযের অফিস কোথায়? দয়া করে বলতেন যদি।	الطالب : لو سمحتم، أين مكتب المركز؟
প্র হরী : মারকাযের অফিস মূল ভবনের তৃতীয় তলায় ।	الحارس: مكتب المركز في الدور الثالث بالمبنى الرئيسي.
ছাত্র : এই সহযোগিতার জন্য ধন্যবাদ।	الطالب: شُكرًا على هذه المساعدة.
থহরী : না , না , এটা আমার দায়িত্ব। কর্তব্য পালনে আবার কৃতজ্ঞতা কিসের !	الحارس : عفوا، هذا واجبي، ولا شكر على الواجب.

﴿ الحوار الثاني: في مكتب مركز اللغة العربية ﴿ الْحُوارِ الثَّانِي: فِي مُكتب مُركز اللغة العربية ﴿

হাত্র: আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়বারাকাতুহ।	الطالب : السّلام عليكم ورحمة الله وبركاته.
কর্মকর্তা : ওআলাইকৃম্স সালাম ওয়া রহমাতৃস্থাহি ও বারাকাতৃত্।	الموظف : وعليكم الستلام ورحمة الله وبركاته.
ছাত্র : উসতায় ! আমি কি আসতে পারি ?	الطالب : أأدخل يا أستاذي؟
কৰ্মকৰ্তা : ভাই। বলুন কী চান ?	الموظف : تَفَضَّلُ، ماذا تريد، يا أخي؟
ছাত্র: আমি একজন নতুন ছাত্র। কৃমিল্লা থেকে এসেছি। আমি মারকায়ূল লুগাতিল আরাবিয়্যাহর তত্ত্বাবধানে আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে চাই। এখন আমার কী করণীয়?	الطالب: أنا طالبٌ جديدٌ من كُومِلا، أريد أنْ ألتحق بدورة تعليم اللغة العربية تحت إشراف مركز اللغة، فماذا عليَّ الآن؟
করমটি ভালোভাবে প্রথ করুন।	إملأ هذه الاستمارة جيدا



কর্মকর্তা: মাশাআলাহ। আগনি কোর্স তত্ত্বাবধায়কের কাছে যান। ভর্তির প্রয়োজনীয় কাজ সেরে নিন।	الموظف: جميل، ماشاء الله، اذهب الآن إلى مُشْرِف الدورة واختم الإجراءات اللازمة للالتحاق بما.
হাত্র: তত্ত্বাবধায়কের অফিস কোধারঃ	الطالب: أين مكتب مشرف الدورة؟
কর্মকর্তা: পরিচালকের অফিস তৃতীর তলায়।	الموظف: مكتب مشرف الدورة في الدورة الثالث.

ছাত্র : শুকরিয়া হে উসতায!	الطالب: جزاك الله حيرا يا أستاذي!
কর্মকর্তা : আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুণ।	الموظف: وإياك أخي الطالب!

التمرين والمناقشة

أجب عن الأسئلة التالية :

١- من استقبل الطالب في البوابة؟

۲- أين مكتب المركز؟

٣- أين مكتب مشرف الدورة؟

إين يختم الطالب الجديد الإجراءات اللازمة له؟

هل تنعقد دورة تعليم اللغة العربية تحت إشراف مركز اللغة؟



أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيدا:

ছাদ	سُقْفُ
গ্যারেজ	كراج
দরজা	بابّ
বেডরুম	غُرْفَةُ النَّوْمِ
বাজেট	الميزانية
কাপেটিং	مَفْرُوْشُ
বন্ধক	رَهْنُ ج رِهَانٌ

আবাসিক দায়িত্বশীল	المشرِفُ السَكَنِيُّ
গ্রাউভ ফ্রোর	الدُّورُ الأَرْضِيُّ
হাতাবাস	للهُخَمُّ جِ اللهاجِمُّ
ক্লমমেট	زَمِيْلُ فِي الْغُرُفَةِ
ক্লম লাখার	رَقْمُ الْغُرُفَةِ
এশকা	خی
তাৰু	شَفَّة ح شَفَّات/شُفِّق

গেস্ট ৰুম/মেহমানখানা	غُرْفَةُ الضَّيُّوفِ
ড্রয়িং রুম/ অভ্যর্থনা কক্ষ	غُرْفَةُ الإسْتِقْبالِ
বেশকৃনি	شرفة
लिक्ट	بصعد

ভাড়া	الأَجْرَةُ/الإِنْجَارُ
भूगर	المبتغر
প্রথম তলা	الطَّابِقُ الأَوَّلُ
হাউজিং	المخطَّطُ

الحوار الأول: لقاء مع المشرف السكني المشرف السكني المنابعة المناب

ثانيا: الحوار

ছাত্র : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্লাহি ওয় বারাকাতৃহ।	الطالب: السلام عليكم ورحمة الله وبركاته.
হন প্রভাস্ট : ওআলাইকুমুস সালাম ওরহমাতুলাহি ও বারাকাতুহ । কোর্সে তোমার ভর্তি সম্পন্ন হয়েছে?	المشرف السَّكَنِيُّ : وعليكم السلام ورحمة الله وبركاته. هل تم التحافك بالدورة/ بالمركز؟
ছাত্র: হাা , আলহামদুলিল্লাহ।	الطالب : نعم، ولله الحمد.
হল প্রভোস্ট : তাহলে এখন আপনার কর্তব্য হলো নির্দেশনাবলী ভালোভাবে পড়া এবং তা বাস্কবায়ন করা।	المشرف المُتكنين : إذَنْ عليك الآن أنْ تقرأ التعليمات جَيِّدًا، وتنفذُها في تعاملك.
ছাত্র : ইনশাজাল্লাহ,আমি কোথার থাকবোঃ	الطالب: إن شاء الله، أين أسكن يا أستاذ؟
হল প্রভোস্ট : আশনি গ্রাউন্ড ক্লো রে থাককেন।	المشرف السَّكَنِيُّ : تسكن في الدور الأرضي.
হাত্র: ডকরিয়া , আমি এখন গ্রাউন্ড ফ্লোরে যাচিছ।	الطالب : جزاك الله خيرا. أذهب الآن إلى الدور الأرضي.

الحوار الثاني: الحوار الثاني: حوار بين طالبين حول السكن ع

আহমদ : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃছ্।	احمد : السلام عليكم ورحمة الله وبركاته.
নাবিদ: ওআলাইকুম্স সালাম ওরহমাতুলাহি ওয়া বারাকাতুহ।	نبيل: وعليكم السلام ورحمة الله وبركاته.
আহমদ : কেমন আছো হে ভাই।	أهمد: كيف حالك أخي الكريم؟
নাবিদ: আলহামদুল্লাহ, ভালো তুমি কেমন আছো?	نبيل: احمد لله بخير، وكيف أنت؟
আহমদ: আলহামদ্ল্লাহ, ভালো। তুমি কি মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহর তত্ত্বাবধানে আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের ছাত্র?	أحمد: الحمد لله أنا بخير، هل أنت طالب في دورة تعليم اللغة العربية بمركز اللغة العربية بنعلاديش؟
নাবিল: হ্যা, আমি মারকায়ূল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশের আরবি ভাষাশিক্ষা কোর্সের একজন ছাত্র।	نبيل: نعم، أنا طالب في دورة تعليم اللغة العربية بمركز اللغة العربية بنغلاديش،
আহমদ : তুমি কোখেকে এসেছো?	أحمد : من أين أنت؟
নাবিশ : আমি খুশনা থেকে এসেছি, আর তুমি?	نبيل: أنا من څؤلنا، ومن أين أنت؟
আহমদ : আমি বরিশাল থেকে এসেছি। তোমার পরিবার কোখায় থাকে?	أحمد : أنا من بريسال، أين تسكن أسرتك؟
নাবিশ : আমার পরিবার উত্তরায় থাকে।	نبيل: تسكن أسرتي في أترا.
আহমদ : তোমরা কি সেখানে ফ্লাট কিনেছো না ভাড়া?	أحمد : هل اشتريتم الشَقة هناك أم بالأجرة؟
শাবি ল : আমার বাবা উত্তরার ফ্রাট কিনেছেন।	نبيل: نعم اشترى أبي شَقة في أترا.

আহমদ : ফ্লাটটি কেমন?	أحمد: كيف الشقة؟
নাবিশ: ফ্লাটটি সুন্দর ও বড়।	نبيل: الشَّقة جميلة وكبيرة.
আহমদ : কত তলায় তোমাদের ফ্লাট?	أحمد : في أيّ طابقٍ شقتكم؟
নাবিশ : চতুর্থ তলায়।	نبيل: في الطابق الرابع.
আহমদ : ফ্লাটের আয়তন কেমন?	أحمد : كم تبلغ مِساحتُها؟
নাবিশ : আয়তন দুই হাজার মিটার।	نبيل: تبلغ مِساحتها ٢٠٠٠ مترٍ مربَّعٍ.
আহমদ : ফ্লাটে কয়টি কামরা ?	أحمد : مِن كُمْ غرفةٍ تتكوَّن؟
নাবিশ : তিনটি কামরা। সাথে একটি মেহমানখানা ও একটি বড় বেলকনি।	نبيل: ٣ غرفٍ، بالإضافة إلى غرفة الضيوف ومطبخ مع (شُرْفة) بَلْكُونة كبيرة.
আহমদ : তোমাদের বাড়ির কাছে কি কোন দোকান বা বিক্রয়কেন্দ্র আছে ?	أحمد : هل يوجد ذكان أو محل للشراء قريب من بيتكم؟
নাবিশ: হা, এখানে বড় কেন্দ্রীয় বাজার আছে এবং সেখানে সব ধরনের দোকান আছে।	نبيل : نعم، يُؤجَد سوق مركزي كبير، وجميع أنواع المحلات موجودة هناك.
আহমদ : আলহামদুলিল্লাহ , এটি একটি বিরাট নিয়ামত।	أحمله: الحمد لله، هذه نعمة كبيرة.
নাবিদ : হ্যা , অবশ্যই এটি একটি বিরাট নিয়ামত। এই নিয়ামত পেরে আমরা আল্লাহর ভকরিয়া আদায় করি।	نبيل: نعم والله، هذه نعمة كبيرة. نشكر الله تعالى على هذه النعمة.
আহমদ: আরবি ভাষাশিক্ষার তোমার জন্য পূর্ণ সফলতা কামনা করছি। আবার দেখা হবে।	أحمد : أتمنى لك نجاحاً باهراً في تعلم اللغة العربية. وإلى اللقاء!

الباب الخامس تناول الطعام والشراب

اولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً

_	
ডিম	بيْضٌ
তরকারি	إدامً
শাক সবজি	خُضْرَواتٌ
পেয়াজ	بَصَلُ
ফুল কপি	قرْنَبِيْط /زهرة
বেশুন	بَاذِئْجَان
মসলা	تابِل
ডাল	غكس
লবন	مِلْخ
মাছ	سَمَكُ
भूला	فُجُّلٌ
সেমাই	شيرية
পরোটা	فَطِيرَةً
লাউ	دُبّاء


হোটেল/ ক্যান্টিন	الْمَطْعَمُ
CRICO-IV VIII-	المظام
ভাত	الوُّزُّ
খাবার	المأكولاتُ
পানীয়	الْمَشْرُوباتُ
দৃধ	خلِيْب
দই / টকদই	زبادي
কিমা	مَفْرُومٌ
ফাস্টফুড	الوَجَمَاتُ السَّرِيعَة
নাশতা	الفُطورُ
দুপুরের খাবার	الغَداءُ
রাতের খাবার	العَشاءُ
আচার	عُلَّلُ
কেক	كَعكٌ
টমেটো	طَماطِمُ



ثانيا: الحوار الحوار الأول: لقاء بين الطالبين

· ·
راشد : السلام عليكم ورحمة الله وبركاته.
حامد : وعليكم السلام ورحمة الله وبركاته.
راشد : أين مطبخ المركز يا أخي؟
حامد : مطبخ المركز في الجهة الغربية.
راشد : أين تتناول الوجباتِ؟
حامد : أتناول الوجباتِ الثلاثَ في الدور الأرضيّ.
راشد : متى تأكل الفطور؟
حامد : أكل الفطور في الساعة الثامة صباحا.
راشد : متى تأكل الغداء والعَشاء؟
حامد: آكل الغداء في الساعة الواحدة ظهرا والعشاءَ بعد العِشاءِ.
راشد : ماذا تأكل في الفطور؟
حامله: أكل الخبز والعلس.

রাশেদ : দুপুরে কী খাও?	راشه : وماذا تأكل في الغداء؟
বামিদ: মাছ ডাল বা মুরগী ডাল অথবা গোশত ডাল।	حامد: آكل السمك والعدس، أو الدجاج والعدس، أو اللحم والعدس.
রাশেদ : রাতে কী খাও ?	والله : ماذا تأكل في العَشاء؟
হামিদ : রাতে ডিম বা সবজি খাই।	حامد: آكل البيضة أو الخضروات.
রাশেদ : আল্লাহ তোমার মাঝে বারাকাহ দান করুন। এটা আমার জন্য গুরুত্বপূর্ণ তথ্য।	راشد : بارك الله فيك أخي، هذه معلومات مفيدة بالنسبة لي.
হামিদ : ভোমাকেও আল্লাহ বারাকাহ দান করুন	حامد : وفيك بارك الله، وفقك الله تعالى.



الحوار الثاني: بين المضيف والضيف علايك

	*
মেজবান: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুলাহি ওয়া বারাকাতৃহ।	المضيف : السلام عليكم ورحمة الله وبركاته.
মেহমান: ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃহ।	الضيف : وعَلَيْكُمُ السَّلامُ وَرَحْمَةُ اللَّهِ وبركاته.
মেজবান : আপনি কেমন আছেন? আপনার পরিবার কেমন আছে?	المضيف : كيف حالكم وكيف حال الأسرة؟
মেহমান : আল্লাহর মেহেরবানিতে আমরা ভালো আছি।	الضيف : الحمد لله نحن كلنا بخير وعافية
মেজবান : আপনি কী পছন্দ করেন? চা না কফি?	المضيف : ماذا تفضِّل، الشايَ أو القهوة؟
মেহমান : আমি দৃধ দিয়ে কফি পছন্দ করি।	الضيف: أفضِّل القهوة بالحليب.
মেজবান : কোন ফল আপনার পছন্দ ?	المضيف : وماذا تفضِّل من الفاكهة؟
মেহমান : খেজুর আর আপেন।	الضيف : التمرّ والتفاح.
মেজবান : কখন দুপুরের খাবার পেশ করব? দুপুরে আপনার কী পছন্দ?	المضيف : منى أقدِّم لك الغداءَ وماذا تفصِّل فيه؟
মেহমান : যোহরের পর হলে ভালো হয়। আর দুপুরে আমার পছন্দ হলো সালাতসহ গোশত, মাছ, ডাল।	الضيف: أَحْسَنُ أَنْ يكونَ بعد الظهر، وأُفضِّل في الغداء اللحمّ والسمك والعدس مع السلَطَةِ.
মেজবান : ঠিক আছে, আমি এখন খাবার প্রস্তুত করছি। সময়মতো খাবার উপত্যপন করব।	المضيف : طيب، أجوِّز الآن الغداء وأقدِّمه لكم في وقت محَّدد بإذن الله
মেহ্যান : আপনাকে ধন্যবাপ।	الضيف: شكرا لكم!
মেজবান : আপনাকেও ধন্যবাদ।	المضيف : ولكم الشكرُ أيضا.



الباب السادس السوق/ متجر المركز السوق/ متجر المركز أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً



ক্রেতা	مُشْعَرِ
मृ न्सु	لْمَنَّ / قِيْمَةً / سِعْرٌ
সন্তা	رُخيصٌ
দামী	غَالِ
কত ?	بِگمْ
পলিথিন / ব্যাগ	كِيْسٌ
স্টোর রুম, গোডাউন	مُسْتَوْدَعُ
ক্যাশিয়ার , হিসাব রক্ষক	الكَاشِير/ أَمِيْلُ الصُّندُوقِ
পায়কারী	بِالجُمْلَةِ
লাভ	بخ
পুঁজি / মূলধন	رَأْسٌ المالِ
ভাউচার	مُسْتَنَدِّ/فاتورَةً
र्शन्त	سِلْعَةً ج سِلَغٌ

বাজার / মার্কেট	سُوٰق
মাছ বাজার	سُوقُ السَّمَكِ
ফলের বাজার	سُوْقُ الْفَواكِهِ
কাঁচা বাজার	سُوق الخُضْرَوات
মূল	المول ج المولات
দোকান	دُگَانً/ حَانُوتً
বিক্রয় কেন্দ্র	مُثْجَرٌ
মুদি দোকান	عُّالُةً
দোকানী	صَاحِبُ المُحلِّ
বিক্ৰেতা	باثِعٌ
খুচরা	قَطَّاعِيِّ /بَحَزِئي
বানিজ্ঞ্য মেলা	مَعْرِصٌ بِخَارِيٌ
শিল্প মেলা	مَعْرِضٌ صِناعِيٌّ
ব্যালেন্স	زصِیْدٌ





ثانيا: الحوار: الأول: بين البائع والطالب الحوار الأول: بين البائع والطالب



বিক্তো: স্বাগতম।	البائع: أهلا وسهلاً.
ছাত্র: দয়া করে একটি কলম চাই	الطالب: أريد قلما من فضلك.
বিক্রেতা: এই নিন কলম, আর কী চান ?	المبائع: تفضل القلم، وماذا تريد أيضاً؟
ছাত্র: আর চানাচ্র ও টুথবাশ চাই।	الطالب : أريد المكسَّراتِ ومعجونَ أسنانٍ.
বিক্রেতা : এই নিন চানাচুর আর টুখব্রাশ।	البائع : تفضل المكسراتِ ومعجونَ أسنان.
ছাত্র : আমাকে শ্যাম্পু আর সাবান দিন।	الطالب : أعطني الشامبو والصابون.
বিক্রেতা : নিন , আর কিছু লাগবে?	البائع : تفضل،وهل تريد شيئا آخر؟
ছাত্র: না আর কিছু চাই না। ধন্যবাদ, আচ্ছা কত টাকা হলো?	الطالب : لا، لا أريد شيئا آخر، وشكرا لك، كم الحساب، يا طيب!
বিক্তেতা : আমাকে ৫০ টাকা দিন।	البائع : المطلوب خمسون تاكا.
ছাত্ৰ : এই নিন ৫০ টাকা।	الطالب : تفضل، هذه خمسون تاكا.
বিক্রেতা : আসার জন্য ধন্যবাদ , আবার আসবেন।	البائع: شكرا لزيارتك، زُرنا مرة أخرى.
ছাত্র : ঠিক আছে , শুকরিয়া ।	الطالب: طيب، جزاكم الله خيرا.



الحوار الثاني: بين البائع والمشتري في السوق



বিক্রেতা: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃপ্রাহি ওয়া বারাকাতৃহ।	البائع : السلام عليكم ورحمة الله وبركاته، أي خدمة يا أستاذ؟
কেতা : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতুলাহি ওয়া বারাকাতৃত্ব। মাছ কত টাকা ?	المشتري : وعليكم السلام ورحمة الله وبركاته بكم السمك؟
বিক্রেতা : মাছ একশত বিশ টাকা	البائع : السمك بمئة وعشرين تاكا.
ক্রেতা : দয়া করে দুই কেজি মাছ এবং এক ট্রে ডিম দিন।	المشتري : أريد كيلوين من السمك، وطَبَقا لبيض.
বিক্রেতা : এই নিন মাছ আর এক ট্রে ডিম। আর কিছু ?	البائع : تفضّل السمك وطبقَ البيض، هل تريد شيئا آخر؟
ক্রেতা : হ্যা, পেয়াজ আর রসুন দিন। আপনার কাছে কি ভালো মানের চা আর চিনি আছে?	المشتري : نعم أريد بصلا وثوما. وهل عندك شاي وسكر من نوع جيد؟
বিক্রেতা : হ্যাঁ , আছে। পেয়াজ আর রসুন নিন। এই যে চা আর চিনি।	البائع: معم، عندي. تفضل البصل والثوم، وهذا الشاي والسكر
ক্রেডা : কত হলো?	المشتري: كم الحساب؟
বিক্রেতা : ৫০০ টাকা দিন।	البائع : المطلوب خمس مئة تاكا.
ক্রেতা : ধরুন, এই এক হাজার টাকা। বাকিটা আমাকে ফিরিয়ে দিন।	المشتري : تفضل، هذه ألف تاكا، رجِّعْ إنَّ الباقي.
বিক্রেতা : এই নিন বাকি টাকা। আসার জন্য ধন্যবাদ। আমরা সর্বদা আপনাদের খেদমতে নিয়োজিত।	البائع: هذا الباقي، شكرا لزيارتك، نحن في خدمتكم دائما.
ক্রেতা : আবার দেখা হবে !	المشتري : إلى اللقاء.

ورون الباب السابع في من المستشفى في المستشفى


ولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً

and the same	\$2.11
ডোজ	جُزْعَةً
চোখের ড্রপ	قَطَراتُ لِلْغَيْنِ
সিরিজ	عِعْقَنَةً
ইঞ্কেশন	خُفْنَةُ
ট্যাবশেট	قرص احبَّةً
ব্যথানাশক	المسَكِّن
ট্যাবলেট	
অপারেশন	العَمَلِيَّةُ
রোগ নির্ণয় করা	التَشْخِيْصُ
চেকাপ করা	فَخْصٌ
প্রেসক্রিপশন	وَصْفَةً طِبِّيَّةً
সিরাপ	شراب
হাসপাতাল	مُسْتَشْفَى
জেনারে শ হাসপাতাশ	مُسْتَشْفَى عَامً
যাহ্য কেন্দ্ৰ	مَزِّكُزُ صِحِيّ
প্রাথ মিক চিকিৎসা কেন্দ্র	مركز الرعاية الأولية
জরুরী বিভাগ	قسم الطوارئ

طَبِيْتِ / مُعالِجٌ
طَبِيْبُ التَّخْدِيرِ
دَواءٌ ج أَدْوِيَةٌ
طبيث الأطفاب
المريضُ
مُرِّضَةً
مشاكِلُ صِحِيَّةٌ
طَبيبٌ تَفْسِيُّ
مُتَخَصِّصٌ
جَوّاتُ
شباك التدكرة
غرفة الانتظار
زائر
النصائخ الصِحِيَةُ
عِلاَجٌ

নিবিড় পরিচর্যা কেন্দ্র(আই.সি.ইউ)	وَحدةُ العالِة المركزة
হ্বদরোগ	مرص القلب
ফামসিস্ট	صيدلي
মাথা ব্যথা	صداع
পেট ব্যথা	ألم في المعدة
দাঁত ব্যথা	ألم في الأسنان
সর্দি	زکام / برد
পিঠ ব্যখা	ألم الظهر

ক্যাসার	سرَطان
এপেভিসাইট	رائدة دُودية
ব্লাড প্রেসার	ضغط الدم
হাঁপানি	الربو
থার্মোমিটার	مقياس الحرارة
शंब्स्	الحنجرة
ডাক্তারের সিরিয়াল নেওয়া	موعد مع الطبيب
জ্বর	حمى





ثانيا: الحوار الأول: بين الطبيب والمريض

ভাক্তার : হে লুবাব! কেমন লাগছে?	الطبيب: مم تشكو يا لباب؟
দুবাব : আমার খুব মাখা ব্যথা করছে, আর অনেক জ্বর আসছে!	لباب : إنني أشكو من صداعٍ شديد وحمى.
ডান্ডার: বিছানায় শুয়ে যাও; আমি তোমাকে পরীক্ষা করছি , মুখ খোলো , তোমার জিহ্বার নিচে থার্মোমিটার রাখো।	الطبيب: ارقد على السرير لأَفْحصك، افتح فمك وضَعْ مقياس الحرارة تحت لسانك.

(بعد الفحص)

ডান্ডার : তোমার হালকা ঠাণ্ডা লেগেছে, ইনজেকশন চাও নাকি ট্যাবলেট?	الطبيب: بك زكام خفيف. أ حُفنا تريد أم أفراصا؟
नুবাব : আমি ট্যাবলেট চাই, হে ডাজার।	لباب : أريد أقراصا يا دكتور!
ভাকার: ঔষধের জন্য ফাঁমেসীতে যান।	الطبيب : خذ الوصفة، واذهب إلى الصيدلية لأخذ الدواء.
পুরাব : কতক্ষণ বাসায় বিশ্রাম নেব, ডাক্তার সাহেব।	لباب : حتّامَ أستريح في السكن يا دكتور؟
ডান্ডার: যতক্ষণ মাথা ব্যথা ও জ্বর দূর না হয়।	الطبيب : استرح حتى يزول الصداع وتزول الحمى.
শ্বাব : আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুন ৷	لباب : جزاك الله خيرا
ডা ভার : আগ্রাহ আগনাকে শেফা দান করুন।	طبيب : وإياك، شفاك الله.

الحوار الثاني: لقاء بين نعيم ومحمود في المستشفى

নাইম : আসসালামু আলাইকুম ওয়া	475 - 50 22 - 51 - 22
রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃস্থ।	نعيم : السلام عليكم ورحمة الله وبركاته.
মাহমুদ : ওয়া ञानाইকুমুস সালাম ওয়া	
রাহমাতুক্সাহি ওয়া বারাকাতৃহ।	محمود : وعليكم السلام ورحمة الله وبركاته.
নাইম : আল্লাহ তোমাকে নিরাপদে রাখুন !	
কী হয়েছে তোমার? হে ভাই! কেন আজ	نعيم : سلَّمكَ اللهُ أحيَ الكريم، مالكَ؟ لماذا
হাসপাতালে এসেছো?	حضرت اليومَ في لمستشفى؟
মাহমুদ : দাঁতের ডাক্তার দেখাতে এসেছি।	محمود : حضرتُ لزيارة طبيب الأسنان.
नादेंग : की दरग्ररह?	
	بعيم: بم تشعر؟
মাহমুদ : আমার দাঁতে ব্যথা।	محمود : أشعر بأله شديد في أسناني. ولماذا
আর তুমি কেন হাসপাতালে এসেছো?	
संदेश स्थान काम श्रमान प्रमान	حضرت المستشفى؟
নাইম : নাক , কান , গলার ডাক্তার দেখাতে। এসেছি।	نعيم : حضرت لزيارة طبيب الأسف والأدن
<u> </u>	والحنجرة.
মাহমুদ : তোমার কী হয়েছে?	
	محمود : بم تشعر؟
লাইম : কানে খুব ব্যথা করছে।	نعيم : أشعر بألم شديد في أدني.
মাহমুদ : তোমার কি এপয়েন্টমেন্ট আছে?	محمود : هل لديك موعدٌ مع الطبيب؟
নাইম: হাাঁ, আমার সময় দশটার, তুমি	نعيم : نعم، موعدي الساعة العاشرة. هل
কি সময় নিয়েছে?	
	أخدت الموعد؟
মাহমুদ : না , আমি সময় নেই নি। এখন	محمود : لا، أنا لم آخذ للوعد، سأتكلم
টিকেট কাউন্টারে কথা কাব।	الآن في شباك التذكرة.
নাইম : ঠিক আছে ,আল্লাহ তোমার বিষয়	
সহজ করুন।	تعييم : طيب، سهل الله أمورك.
মাহমুদ : আল্লাহ তোমাকে সূৰ্ করুন।	
আবার দেখা হবে।	محمود : شفاك الله، وإلى اللقاء.




الباب الثامن التواصل بالجوال والإنترنت أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً



সিমকার্ড	شريحة
মেমোরি	ذاكرة
পেন্ড্রাইভ	ناقلة المعلومات
কমেন্ট/মন্তব্য	التعليق
লাইক	الإعجاب
মাউস	فأرة
শ্রীন	شاشة
ক্যানার	ماسحة
কী-বোর্ড	لوحة المفاتيح
প্রিন্টার	طابعة
ন্সিকার	مكبر الصوت
ডিক্ষ / সিডি	قرص
ঠিকানা	عنوان
নেটওয়ার্ক	الخط
এস এম এস	الرسالة القصيرة
ব্যাদেশ	الرصيد

মোবাইল	الجوال
টেলিফোন	الهاتف
সামাজিক যোগাযোগ মাধ্যম	وسائل التواصل الاجتماعي
শার্টফোন	الجوال الذكتي
ওয়েবসাইট	الموقيع
পেইজ	الصفحة
এ্যাপস	البرمجيات
সেটিংস	المعدّات
অনুসন্ধান	البحث
ফাইল	الملِف
পোস্ট	المنشور
চার্জার	شاحن
ইয়ারফোন	سگاعة
ডাউনলোড	تحميل
অাপশোড	تنزيل

কিতাবে উল্লেখিত সুন্দর বাক্য ও ইবারতগ্রশো দেখে দেখে খাতায় দেখো, এতে শেখার চর্চাটা হরে বাবে। আর আওয়াজ করে জােরে জােরে পড়ো, ভাহলে মুখের জড়তাও দ্র হয়ে বাবে ইনশাআল্লাহ।



	- 34
যোগাযোগকারী: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	المتصل: السلام عليكم، آلو.
রিসিবকারী: ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ। কে বলছেন?	المستلم : وعليكم السلام ورحمة الله وبركاته، مرحباً. مَن معي/ من المتصل؟
যোগাযোগকারী: আমি মাহমুদ হাসান, সিলেট থেকে বলছি। আমি মারকাযুল লুগাতিল আরাবিয়্যার তত্ত্বাবধানে আরবি ভাষা প্রশিক্ষণ কোঁসে ভর্তি হতে চাই।	المتصل: معك محمود حسن، من سلهت، اريد أن التحق بدورة تعليم اللغة العربية تحت إشراف مركز اللغة العربية بنغلاديش.
রিসিভকারী: আপনাকে স্বাগতম। আপনার নাম, ঠিকানা এবং আপনার অভিবাবকের কোন নাম্বার আমাদের নিকট পাঠিয়ে দিন।	المستلم : أهلاً وسهلاً، أرسلُ إلينا اسمك، وعنوانك ورقم جوالِ وليِّ أمرك.
বোগাযোগকারী: এই তথ্য কীভাবে পাঠাব, উসতায?	المتصل : كيف أرسل هذه المعلومات يا أستاذ؟
রিসিভকারী : এই নাম্বারে সংক্ষিপ্ত বার্তা (s.m.s) প্রেরণ করুন।	المستلم : أرسل إلى هذا الرقم عن طريق الرسالة القصيرة.
বোগাবোগকারী: ওকরিয়া হে উসতায়। এখনই পাঠিয়ে দিচিছ।	المتصل: شكرا يا أستاذ، سأرسل بإذن الله.
রিসিভকারী : আল্লাহ তাওঞ্চিক দিন।	المستلم : بالتوفيق/ وفقك الله.

الحوار الثاني: بين ساجد وعابد وعابد ولي الحوار الثاني: بين ساجد وعابد وعابد ولي الحوارة المنورة.

সাজিদ : হে ভাই ! আমি মদীনা ইউনিভাঁসিটিতে কাগজপত্ৰ পাঠাতে চাই ।	ساجد: أخي الكريم، أريد أن أرسل الأوراق إلى الجامعة الإسلامية بالمدينة المنورة.
আবিদ : তোমার কি ইমেইল একাউন্ট আছে?	عابد : طيب، هل عندك حساب في البريد لإلكتروني (الإيميل Email)؟
সাজিদ : না। আমার তো ইমেইল নেই।	ساجد: لا، ليس عندي حساب في البريد الإلكتروني.
আবিদ: একটি ইমেইল খোলো এবং মেইলের মাধ্যমে ইউনির্ভাসিটির ঠিকানায় পাঠাও।	عابد: افتح حسابا في البريد، وأرسل الأوراق عن طريقه إلى عنوان الجامعة.
সাজিদ : তোমার কাছে কি ইউনিভাঁসিটির মেইল আছে?	ساجد : هل عندك عنوان بريد الجامعة؟
আবিদ : হাঁা , ইউনির্ভাসিটিতে ভর্তির মেইল : admission.iu.edu.sa	عابد : نعم، admission.iu.edu.sa هذا هو عنوان بريد الجامعة للالتحاق بما.
সাজিদ : ধন্যবাদ , ভাই।	ساجد : شكرا أخي الكريم.
আবিদ : আপ্রাহ তাওফিক দিন, সহজ করুন!	عابد : عفوا. وفقك الله وسهل أمورك.



بعض التعبيرات حول التواصل بالجوال

C <u>C</u>	
আমি কি (অমৃকের) সাথে কথা বলতে পারি?	هل يمكنني التحدث إلى
আমি সাথে কথা বলতে চাই।	اود أن أتحدث مع
কোথেকে বলছেন?	من این تتصل؟
একটু অপেক্ষা করুন।	انتظر من فضلك.
এখন লাইন বিজি।	الخط مشغول الآذ.
এই মুহূর্তে সে উপছিত নেই।	هو ليس موجودا في هذه اللحظة.
দুঃখিত, সে এখন অফিসের বাইরে।	آسف إنه حارج المكتب الآن.
আমার মনে হয়, আপনি নাম্বার ভুল করেছেন।	أعتقد أنك أخطأت بالرقم.
দুঃখিত, আপনি ভুল নাম্বারে কল করেছেন।	آسف لقد اتصلت بالرقم الخاطئ.
নেটওয়ার্ক খুবই বাজে।	الخط سيّئ جدا.
দয়া করে একটু জোরে বলবেন কি!	هل بمكن أن ترفع صوتك من فضلك
যা বলেছেন, সেটা আরেকবার বলবেন কি!	هل ممكن أن تكرر ما قلت!
দয়া করে আবার বশুন!	كرر ما قلت/ أعِدْ لو سمحت.
দুঃখিত, আমি ভনতে পাচ্ছি না।	آسف لا أسمعك.
দরা করে (বলবেন কি?), আপনার নম্বর কতঃ	ما رقمك من فضلك؟
দয়া করে আপনার নাম্বার দিন।	أعطني رقمك من فضلك.


الباب التاسع

السفر أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً

ছেড়ে যাওয়া	الْمُعَادَرَةُ
সময়সূচি	جدْوَلُ الْمواعِيْدِ
লাগেজ / মালামাল	الأَمْتِعَةُ/الْعَفْشُ
নিশ্চিত করা	التَّأْكِيدُ
ইকোনোমি ক্লাস	الدَّرَجَةُ الْإِقْتِصادِيَّة
বিজ্ঞনেস ক্লাস	دَرَجَةُ رِجالِ الْأَعْمالِ
ফার্স্ট ক্লাস	الدَّرَجَةُ الأُولِيٰ
ছুটি	الإجازَةُ/ العُطْلَةُ
উড্ডয়ন করা	الإفلاغ
অবতরণ	الهُبُوطُ
রানওয়ে	مَدْرَجُ الْمَطارِ
মালামাল জমা দেওয়ার জায়গা	مِنْطَقَةُ إِسْتِلامِ الْأَمْنِعَةِ
নাবিক	قُبطانً

	- A-02
বিমান	الطَّائِرَةُ
বাস	الحافِلَةُ/ باصُ
গাড়ি	السَّيَّارَةُ
ট্রেন	الْقِطارُ
চালক	السَّائِقُ
পাইলট	الطَيَّارُ
বিমানবন্দর	مَطارٌ
রেলস্টেশন	تحَطَّةُ الْقِطارِ
বাসস্টেশন	تَحَطَّةُ الْباصِ/الحَّافِلَةِ
টিকিট	التَّذَّكِرَةُ
টিকিট কাউন্টার	شُبّاكُ التَّذاكِرِ
কর্মকর্তা / দায়িত্বশীল	المؤظَّفُ/ الْمَسْؤُول
পৌছা	الْوُصُولُ
মাঝি	مَلَّاخٌ





ফরিদ: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।	فريد: السلام عليكم ورحمة الله وبركاته .
রশিদ: ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	رشيد: وعليكم السلام ورحمة الله وبركاته.
ফরিদ : ভাই ! কখন ছুটি হবে?	فريد: أخي الكريم! متى تبدأ الإجازة؟
রশিদ : বৃহঃপ্রতিবার থেকে ছুটি ভরু হবে।	رشيد: مِن يوم الخميس تبدأ الإجازة.
ফরিদ: তাহলে তো ছুটি ঘনিয়ে এসেছে। তুমি ছুটিতে বাড়ি যাবে না?	فريد: إذَنْ اقتربت الإجازة، هل تسافر إلى البيت في الإجازة؟
রশিদ : হাাঁ , ৰাড়িতে যাব :	رشيد: نعم أسافر إلى البيت.
ফরিদ : টিকেট বুকিং দিয়েছো কি?	فريد: هل حجزت التذكرة؟
রশিদ : টিকেট বুকিং দিয়েছি। আগামীকাল নিশ্চিত হব।	رشيد: نعم، حجزت التذكرة، وغدا أتأكد منها.
ফরিদ : কীভাবে সফর করবে, বা কী দিয়ে সফর করবে?	فريد: كيف تسافر أو بماذا تسافر؟
রশিদ : ট্রেনে সফর করব। তুমি কীভাবে সফর করবে?	رشيد: أسافر بالقطار، وأنت كيف تسافر؟
ফরিদ : আমি বাস বা বিমানে সফর করতে ভালোবাসি।	فريد: أنا أفضِّل الباص أو الطائرة في السفر.
রশিদ : ফরিদ, তোমার ছুটি ভাশো কাটুক।	رشيد: إجازة سعيدة يا فريد!
ফরিদ : রশিদ , তোমার ছুটিও ভা লো কাটুক !	فريد: إجازة سعيدة يا رشيد!

الحوار الثاني :بين المعتمر ووكيل السفر

	, * - w
উমরা পালনকারী : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	المعتمر : السلام عليكم ورحمة الله.
দায়িত্বশীশ : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃহু! কোন সেবা লাগবে? হে উসতায! কীভাবে সহযোগিতা করতে পারি?	الوكيل: وعليكم السلام ورحمة الله وبركاته. أيّ خدمة يا أستاذ؟ كيف يمكن لي أن أساعدك؟
উমরা পাশনকারী: আমি উমরা আদায়ের জন্য বাইতুল্লায় সফর করতে চাই:	المعتمر : أنا أريد أن أسافر إلى بيت الله الحرام لأداء العمرة.
দায়িত্বশীল: মাশাআল্লাহ! ভালো, আপনি কি একা সফর করতে চান, নাকি পরিবারসহ?	الوكيل: ماشاء الله، هذا جيد، أوحدك تسافر أم مع الأسرة؟
উমরা পাশনকারী : না , পরিবারসহ ।	المعتمر : لا، مع الأسرة.
দায়িত্বশীশ: পরিবারে সদস্য কতজন?	الوكيل: كم عدد أعضاء الأسرة؟
উমরা পাশনকারী : পরিবারে সদস্য সাতজন।	المعتمر : عدد أعضاء الأسرة سبعة.
দায়িত্বশীল: উমরা আদায়ে কখন সফর করতে চান ?	الوكيل : متى تريد أن تسافر لأداء العمرة؟
উমরা পাদনকারী : এই মাসের শেষ দিকে।	المعتمر : في نحاية الشهر الجاري.
দায়িত্বশীল : তোমার জন্য কি টিকেট বুকিং দেব!	الوكيل: مل أحجز لك التذاكر؟
উমরা পালনকারী : হ্যাঁ।, আমার জন্য টিকেট বুকিং দিন।	المعتمر : نعم، احجز لي التذاكر.
উমরা পাদনকারী : বিজনেস শ্রেণির টিকেট বুকিং দিন ৷ যাত্রার সময় কখন?	المعتمر : احجز لنا تذاكر الدرجة الاقتصادية. متى وقت الرحلة؟

দায়িতৃশীল : দৃপ্র দুইটায় ইনশাআল্লাহ।	الوكيل: ستكون الرحلة في الساعة الثانية ضهرا إن شاء الله.
উমরা পাশনকারী : জিদ্দায় পৌছতে কতক্ষণ লাগবে?	المعتمر : كم تستمر الرحلة إلى جدة؟
দায়িত্বশীশ : সাড়ে ছয় ঘণ্টার মতো লাগবে।	الوكيل: تستمر ست ساعات ونصف
উমরা পাশনকারী : ছয়টা টিকেটের জন্য কত টাকা দেব?	المعتمر : كم أدفعُ الثمن لسِتِ تداكر؟
দায়িত্বশীল : ছয় হাজার ডলার মাত্র। আপনার নাম-ঠিকানাটা দেবেন কি?	الوكيل: ستة آلاف دولارٍ فقط. هل يمكن أن تعطيني اسمك وعنوانك؟
উমরা পালনকারী: অবশ্যই। আমার নাম আব্দুল্লাহ ঠিকানা: বসিলা, মুহাম্মাদপুর, ঢাকা।	المعتمر : بالتأكيد، عبد الله، بسيلا، محمدبور، دكا.
দায়িত্বশীশ : দয়া করে আপনার ফোন নম্বরটা দিন।	الوكيل: من فضلك أعطني رقم جوالك.
উমরা পালনকারী : ০১৭১৫৭৫৬৩২৯ ০১৭৩৬২১১২৫২	المعتمر : صِفْر، واحد، سبعة، واحد، خسة، سبعة، خسة، ستة، ثلاثة، النين، تسعة.
দায়িত্বশীল: বাইতুল্লাহর উদ্দেশে নির্দিষ্ট সময়েই বের হতে পারবেন ইনশাআল্লাহ।	الوكيل: سوف تسافر إلى بيت الله الحرام في الميعاد إن شاء الله.
উমরা পালনকারী : এমনটিই আশা করি। আজ তাহলে উঠি। আরেকদিন দেখা হবে।	المعتمر : أرجو أن يكون كذلك. أستأذنكم اليوم، وألتقي معكم في يوم آخر إن شاء الله.
দারিত্বশীল : ঠিক আছে, আবার দেখা হবে।	الوكيل: طيب، إلى اللقاء.


التعبيرات المتعلقة بالسفر:

رافقتك السلامة في الحل والترحال.

صحبتك السلامة.

تصل بالسلامة.


في أمان الله.



أولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً

জাগ্ৰত হওয়া	الإشتيقاظ
আমি গ্রহণ করি	أَتَناوَلُ
আমি ফিরে আসি	أَعُوْدُ
প্ৰস্তুত হই	أَسْتَعِدُ
নিয়ে যাই	أخيل
মৃশক্ করি	أَسْتَلْكِرُ
ছাত্রাবাস	الْمَهْجَعُ
পরিধান করি	ٱلْيَسُ

ثانيا:الحوار



উসামা : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুলাহি ওয়া বারাকাতৃত্।	أسامة: السلام عليكم ورحمة الله
আহমদ : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃত্।	أحمد: وعليكم السلام ورحمة الله وبركاته.
উসামা : তুমি কখন ঘুম থেকে জাহাত হও।	أسامة: متى تستيقِظُ من نومكُ؟
আহমদ : আমি ফজরের কিছুক্ষণ পূর্বে ঘুম থেকে জাগ্রত হই।	أحمد: أستيقظ من نومي فَبَيلَ الفجر.
উসামা : ঘূম থেকে উঠার পর তুমি কী পড়?	اسامة: ماذا تقرأ بعد الاستيقاظ من النوم؟
আহমদ : আমি ঘুম থেকে উঠার দোয়া পড়ি-"الخمد الله الذي أحيانا بعد ما أماتنا وإليه	أحمد: أقرأ دعاء الاستيقاظ من النوم، وهو "الحمد لله الذي أحيانا بعد ما أماتنا وإليه النشور."
উসামা : তারপর কী করো?	أسامة: ثم ماذا تفعل؟
আহমদ : তাহাজুদ পড়ি , কুরআন তেলাওয়াত করি।	أحمد: أقومُ بصلاة التهجُّد، ثم أتلو القرآن الكريم.
উসামা : ফজরের নামাজ কোথায় পড়? সকালের নাশতা কোথার কর?	مسامة: أين تُصلي الفجرَ، وَأَين تتناول فطُورك؟

No. of the second	
জাহমদ : ইউনিভার্সিটির মসজিদে পড়ি, হোটেলে সকালের নাশতা করি।	احمد: اصلِّي في مسجد الحامعة، وأتناولُ فطوري في المطقم.
উসামা : এরপর কী করো?	أسامة: وماذا تفعل بَعد ذلك؟
আহমদ : এরপর হোস্টেলে ফিরে আসি, পোষাক পরিধান করি, কিতাবপত্র নিয়ে কোর্সে যাই।	أحمد: أُعود إلى المهجع لأستعدَّ، ثم ألبَسُ مَلابِسي، وَأَحملُ كتبِي وَأَذَهَبُ إلى الدورة.
উসামা : কখন দরস শুরু হয়? আর কখন শেষ হয় ?	السامة: متى يبدأ الدرس؟ وَمتى ينتهى؟
আহমদ : সকাল নয়টায় শুরু হয়, আর দুপুর পৌনে একটায় শেষ হয়।	أحمد: يَبدأ في الساعة التاسعة صباحا، وينتهي في الواحدة إلا ربعاً ظُهراً.
উসামা : কখন দরস পুনরাবৃত্তি করো?	أساهة: متى تُعيد دروسك؟
আহমদ : মাগরিবের পর দরস পুনরাবৃত্তি করি।	أحمد: أُعيد دروسي بعد صلاة المغرب
উসামা : কখন ঘুমাও?	أسامة: متى تنام؟
আহমদ : রাত এগারোটায় ঘুমাই।	أحمد: أنام في الساعة الحادية عَشْرة ليلاً.

التمرين والممارسة

أجب عن الأسئلة التالية:

١- كيف تفضي يومك؟ اذكر بالتفصيل.

٧- مني تذهب إلى المدرسة وكيف؟

٣- ماذا تقرأ بعد الاستيقاظ من النوم؟

٤- أين تصلي و أين تتناول؟


٥- متى يبدأ الدرس؟

الباب الحادي عشر الموايات والرغبات .

اولا: احفظ الكلمات والمصطلحات اللازمة جيداً


মুদ্রা সংগ্রহ	تَجْمِيْغُ الْعُملاتِ	শখ
রান্না করা	الطُّهُو (ن)/ الطُّبِّخُ	অবসর
হাতের কাজ	الحِزْفَةُ الْيَدَويَّةُ	বিরতি
মাছ শিকার	صَيْدُ الْأَسْمَاكِ	খেলাধূলা
বাগান করা	بَسْتنَةً	ফুটবল
বরফে পিছলে পড়া	التزلجّ على الجليد	निमर्गन
দৌড়ানো	الوكض	নিদর্শনের বি
ক্যালিখাকার	خَطَّاطً	সাইকেশে চ
চিত্ৰশিল্পী	زسّامٌ	পাখি দেখ
প্ৰকৃতিদৰ্শন	مُشاهَدَةُ الطَّبِيعَةِ	কার্ড
সকর করা	السير في الأرض	কাৰ্ড জমা ব

শ্ব	الْحِوايَةُ
অবসর	الْفَراغُ
বিরতি	أوْقاتُ الْفَراغِ
কেলা ধূ লা	الرِّياضَةُ
<u> কুটবল</u>	كُرَةُ القَدَم
निদर्শन	الآثارُ
নিদর্শনের চিত্র	صُوَرُ الْآثارِ
সাইকেলে চড়া	رگُوبُ الْدَّرَاجاتِ
পাখি দেখা	مُشاهَدَةً الطُّيُورِ
কার্ড	البِطاقات
কার্ড জমা করা	جَمْعُ الْبِطاقاتِ



#P. /	V.74
নিকক: তোমার সখ/ইচছা/হবি কী মুয়ায় <u>।</u>	المعلم: ما هوايتك يا معاذ؟
মুদ্ধাব : আমার সখ/ইচ্ছা/হবি তো অনেক কিছু। বই পড়া , কিতাব সংগ্রহ করা ইত্যাদি	معاذ: هواياتي كثيرة: القراءة وجمع الكتب.
শিক্ষক: মাশাআল্লাহ সৃন্দর! তোমার শ্ব কী ফাহিম?	المعلم: ما شاء الله عتاز، وما هِوايتُكَ يا مهيم؟
কাহিম : আমি একজন তালো প্রকৌশলী হতে চাই।	فهيم: أريدُ أن أكونَ مهندساً متميزا.
লিক্ষক : আল্লাহ তাওফিক দিন। তোমার শর্ষ কী নাসিম?	المعلم: وفقكَ الله، وما هي رغبتكَ يا نسيم؟
নাসিম : ভবিষ্যতে আমি একজন বড় আলেম হতে চাই।	نسيم: أريد أن أكونَ علماً كبيراً في المستقبل.
শিক্ষক: আল্লাহ সহজ করুন। তোমার ইচ্ছা কি হে সাদ !	المعلم: سَهُلُ اللهُ أمورك، وما هوايتك يا سعد؟
সাদ : আমি একজন চিত্রশিল্পী ও ক্যালিখাফার হতে চাই।	سعد: هوايتي أن أكونَ خطَّاطاً ورسّاما.
শিক্ষক : মাশাআন্ট্রাহ সুব্দর ৷ তোমার সথ কী নাইমঃ	المعلم: ماشاء الله! جيل، وماذا تريد يا نعيم؟
শিক্ক : অনেক ভালো। তোমার শুখ কী আফিক?	المعلم: هذا جيد، وماذا تريد يا عفيف؟
নাইম: আমি আৰ্ছজাতিক প্ৰশিদ্ধ ভাষাসমূহ শিখতে চাই। বিশেষ করে আরবি আর ইংরেজি। যাতে করে সহজ্ঞতাবে পৃথীবির সবধানে ইসলামের বার্তা পৌছে দিতে পারি।	نعيم: أريد أن أتعلم اللغاتِ العللية للشهورة، وخاصة اللغة العربية والإنكليزية، حتى أستطيع أن انشر رسالة الإسلام في أنحاء العالم كلها يسهولة.


আফিফ: আমি ভালোভাবে আরবি ভাষা শিখতে চাই, যাতে করে কুরআন-সুনাহ বুঝি এবং ইসলামী শরিআয় বুংপত্তি অর্জন করতে গারি।	عفيف: أريد أن أتعلم اللغة العربية جيدا، لكي أفهم القرآن والسنة، ولأتعمق في العلوم الشرعية.
শিক্ষক: হে আমার প্রিয় ছাত্ররা! আপ্সাহ তোমাদের সবাইকে তাওফিক দান করুন। সঠিক পথে পরিচালিত করুন এবং সব কাজকে সহজ করুন।	المعلم: وفقكم الله جميعا وسدّد لحصاكم، وسهّل اموركم يا طلابي الأعزاء!



হামিদ : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	حامد : السلام عليكم ورحمة الله وبركاته
সাজিদ : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতুলুাহি ওয়া বারাকাতৃত্ব।	ساجد : وعليكم السلام ورحمة الله وبركاته.
হামিদ : কেমন আছো ভাই?	حامد : كيف حالك أخي الكريم؟
সাজিদ : আশহামদুলিল্লাহ! ভালো।	ساجد : الحمد لله بخير وعافية.
হামিদ : তোমাদের ছুটি কবে?	حامد: متى تبدأ الإجازة عندكم؟
সাঞ্চিদ : বৃহস্পতিবার থেকে, ইনশাআল্লাহ।	ساجد : تبدأ من يوم الخميس إن شاء الله.
হামিদ : ছুটি কতদিন ?	حامد : كم يوما ستكون الإجازة؟

সাঞ্চিদ ঃ পুরো এক সপ্তাহ।	ساجد : أسبوعا كاملا.
হামিদ : হুটিতে কী করবে?	حامد: ماذا تفعل في الإحارة؟
পঞ্জিদ : আশ্লাহ চাহেন তো মক্কায় যাব।	ساجد : أسافر إلى مكة المكرمة بإدن الله تعالى.
হামিদ: মাশাআলাহ! বাহ! দারুণ ছুটি। আলাহ সহজ করুন!	حامله: ما شاء الله. يا لها مِن إجازة مباركة وسعيدة! سهّل الله أموركم.
সা ন্ধিদ : আ মীন। তুমি ছুটিতে কী করবে ?	ساجد : آمين. وماذا تفعل في الإجازة؟
হামিদ: পরিবারের সাক্ষাতে যাব। মামা ও ফুফিদের বাড়ি যাব।	حامد : أقوم بزيارة عائليّة. أذهب إلى بيت خالي وعمتي.
সান্তিদ : এটি একটি উত্তম কাজ। নিরাপদে থেকো।	ساجد : هذا عمل جيد، صحبتُكم السلامة.
হামিদ : আজকের মতো উঠি।	حامد : أستأذنكم اليوم.
সান্তিদ : আবার দেখা হবে	ساجد: طيب، إلى اللقاء.






الحوار الأول:

সালিহ: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুত্।	صالح: السلام عليكم ورحمة الله وبركاته
আসিম: ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃত্।	عاصم : وعليكم السلام ورحمة الله وبركاته
সালিহ: শুভ সকাল।	مهالح: صباح الخير
আসিম : শুভ সকাল !	عاصم : صباح النور
সালিহ: কোখায় যাচেছা?	صالح : إلى أين تذهب
আসিম : কেন্দ্রীয় গ্রন্থাগারে যাচ্ছি।	عاصم : أذهب إلى المكتبة المركزية
সালিহ: গ্রন্থাগারে কেন যাচেহা ?	صالح: لماذا تذهب إلى المكتبة؟
আসিম: গবেষণা প্রস্তুত করতে কিতাব ধার নেব।	عاصم : أستعير الكتاب لإعداد البحث.
সাপিছ: তারা কি কিতাব ধার দেয়া	صالح: هل يسمحون بالاستعارة؟
আসিম : হ্যা। ছাত্রদের জন্য তারা গ্রন্থানার থেকে কিতাব ধার দেয়।	عاصم : نعم، يسمحون للطلاب باستعارة الكتب من المكتبة.
সালিহ : এছাগারে বসে কি পড়া যায়?	صالح : وهل يمكن القراءة داخل المكتبة؟

আসিম: হাাঁ! ছাত্রের জন্য কিতাব অধ্যয়ন করা এবং তথ্যসূত্র দেখার অনুমতি রয়েছে।	عاصم: نعم يمكن للطالب أن يقرأ الكتب ويطّلع على المصادر والمراجع.
সা লিহ: ঠিক আছে, ইনশাআল্লাহ আবার দেখা হবে।	اصالح: طيب، إلى اللقاء إن شاء الله.
ভাসিমঃ আবার দেখা হবে।	عاصم: إلى النقاء.




হজাইফা : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুলাহি ওয়া বারাকাতুহ ।	حديفة : السلام عليكم ورحمة الله وبركاته.
সাদ : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃত্থ।	سعد : وعليكم السلام ورحمة الله وبركاته.
হজাইফা : প্রিয় ভাই, তুমি কি মারকাযের গ্রন্থানার দেখেছো?	حديفة : أخي الكريم، هل رأيت مكتبة المركز؟
সাদ : জ্বী , দেখেছি । সেটি আরবি , বাংলা ও ইংরেজি কিতাবে এবং পত্র পত্রিকায় ভরপুর।	سعد: نعم رأيتها. إنما ممتلئة بالكتب العربية والبنغالية والإنكليزية والمجلات والجرائد.
হজাইফা : এসব কিতাৰ কোখা থেকে এসেছে?	حذيفة : من أين هذه الكتب.
সাদ: এর অধিকাংশ কিতাৰ মারকাযের মুদীর হাফিয়াহুল্লাহ মদীনা থেকে এনেছেন।	سعد : هذه الكتب أكثرها من المدينة المنورة، جمعها مديرُ المركز، حفظه الله.
হজাইফা : মাকতাবায় কী ধরণের কিতাব আছে?	حذيفة :ما أنواع الكتب الموجودة في المكتبة؟

সাদ : মাকতাবার কিতাবগুলো বিভিন্ন বিষয়ের। বিভিন্ন দিক থেকে একজন ছাত্র উপকৃত হতে পারবে।	سعد : إن الكتب الموجودة في المكتبة في مواضيع متنوعة، يمكن للطالب أن يستفيد من نواح شَتِّى.
হুজাইফা : মাকতাবার পরিবেশ কেমন?	حذيفة : كيف بيئة المكتبة؟
সাদ: মাকতাবার পরিবেশ সুন্দর ও চমৎকার এবং অধ্যয়ন ও মুতালাআর উপযোগী।	سعد : بيئة المكتبة جميلة ورائعة، ومناسبة للدراسة والمطالعة.
হুজাইকা : মাশাআল্লাহ । আজকে মাকতাবা পরিদর্শন করব ইনশাআল্লাহ ।	حذيفة : ماشاء الله، سأزور المكتبة اليوم بإذن الله تعالى.
সাদ : এটা খুব ভালো হবে। আল্লাহ আপনার কাজকে সহজ করে দিন।	سعد : هذا جيد، سهل الله أمورك.
হজাইফা : আমীন। জাযাকাল্লাহু খাইরান।	حذيفة : آمين، وجزاك الله خيرا.

الحوار الثالث: بين الباحث وأمين المكتبة.

গবেষক : আসসালামূ আলাইকৃম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুত্ব।	الباحث: السلام عليكم ورحمة الله وبركاته.
লাইব্রেরিয়ান : ওয়া আলাইকুমূস সালাম	أمين المكتبة : وعليكم السلام ورحمة الله
ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	وبركاته.
গবেষক : জনাব , আসতে পারি?	الباحث: أأدخل يا سيدي؟
লাইব্রেরিয়ান : আসুন, আগমনকারীদের	أمين المكتبة : تفضل، من فضلك ستجل
খাতার আপনার নাম লিখুন।	اسمك في سجل المترددين.

গবেষক : নাম লিখতেই হবে?	الباحث: وهل لابد من التسجيل؟
লাইব্রেরিয়ান: মাকতাবার কিছু নিয়ম কানুন আছে। মাকতাবা যেন তার বার্তা যথাযথ পৌছাতে পারে সেজন্য সেগুলোর প্রতি খেয়াল রাখতে হবে। ভাই, কেন এসেছেন?	أمين المكتبة: للمكتبة أصول وقواعد يجب الحفاظ عليها حتى تؤدي المكتبة رسالتها. لماذا جئت يا أخي؟
গবেষক : পড়া আমার প্রিয় শখ। সেই শখই আমাকে মাকাতাবায় হাজির করেছে।	الباحث : القراءة هوايتي المفضّلة، وهذا ما دفعني لحضور المكتبة.
লাইব্রেরিয়ান : আপনাকে স্বাগতম	أمين المكتبة : مرحبًا بك.
গবেষক: মাকতাবা থেকে কীভাবে উপকৃত হতে পারি?	الباحث :كيف يمكن لي أن أستفيد من المكتبة؟
লাইব্রেরিয়ান : আপনি মাকতাবার কিতাবের সাথে পরিচিত হতে পারেন। ইলমী তথ্যসূত্রসমূহ অধ্যয়ন করতে পারেন। তেমনিভাবে আপনার ঝোক অনুযায়ী কিতাব ধার নিতে পারেন।	أمين المكتبة: يمكنك أن تتعرف على محتويات المكتبة، وتطالع المصادر والمراجع المعلمية. وكذلك يمكنك أن تستعير الكتب حسب ميولك.
গবেষক: যে কিতাব চাই, সেটি কীভাবে পাব?	الباحث :كيف أحصل على الكتاب المطلوب؟
শাইবেরিয়ান : কাঞ্চিত কিতাব আপনি কেটালগ বক্সের মাধ্যমে অথবা কম্পিউটারে সার্চ দেওয়ার মাধ্যমে পেতে পারেন।	أمين المكتبة : يمكنك الحصول على الكتاب المطلوب من خلال صندوق الكتاب المعلوب في الكمبيوتر.
গবেৰক: জনাব, সাহায্যের জন্য আপনাকে ধন্যবাদ। জাযাকাল্লাহ্ খাইরান।	الباحث: سيدي أشكرك على مساعدتك، وجزاك الله خيرا.



الحوار بين العم هاشم والطالب حسن.


	الحوار بين انعم ماسم والصالب حسن.
হাশেম চাচা : আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারাকাতৃত্।	العم هاشم: السلام عليكم ورحمة الله وبركاته
হাসান : ওয়া আলাইকুমুস সালাম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতৃহ।	حسن : وعليكم السلام ورحمة الله وبركاته
হাশেম চাচা : হাসান ! কোথায় যাচ্ছো?	العم هاشم: إلى أين تذهب يا حسن؟
হাসান : আমি মারকাযুল লুগাতিল আরাবিয়্যাতে যাচ্ছি।	حسن : أنا أذهب إلى مركز اللغة العربية بنغلاديش
